



# বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক  
বংশাল শাখা, ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মতে

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক লিমিটেড, বংশাল শাখা, ঢাকা এর ঋণ গ্রহীতা ফেমা স এভিয়েশন, প্রতিনিধিত্বে উহার ০১. অংশীদার জনাব মোসাঃ আমিনা ফেরদৌস, স্বামী- এ, কে, এম শাহীনুল হক শাহীন, স্থায়ী ঠিকানা- বাসা/হোল্ডিং নং-১৩৭, গ্রাম-উত্তর কলেজ রোড, ডাকঘর-মঠবাড়িয়া, থানা-মঠবাড়িয়া, জেলা-পিরোজপুর-৮৫৬০, ০২. অংশীদার এ, কে, এম শাহীনুল হক শাহীন, স্থায়ী ঠিকানা- মাষ্টার বাড়ি, গ্রাম-হিজলা, ডাকঘর- চাঁদপাশা, বারুগঞ্জ, বরিশাল-৮২১২, ব্যবসায়িক ঠিকানাঃ ৩৩, আঞ্জুমান মফিজুল ইসলাম রোড, কাকরাইল পল্টন, ঢাকা। ফেমা স এভিয়েশন, ৩৩, আঞ্জুমান মফিজুল ইসলাম রোড, কাকরাইল, পল্টন, ঢাকা। বেসিক ব্যাংক লিমিটেড, বংশাল শাখা হইতে বিভিন্ন ঋণ সুবিধা ভোগ করিয়াছেন। অধিকন্তু উক্ত ঋণের বিপরীতে ফেমা স এভিয়েশন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংক বরাবরে রেজিস্ট্রি বন্ধকী দলিল মূলে বন্ধক প্রদান করিয়া ব্যাংক কে আম-মোক্তার প্রদান করিয়াছেন। বিগত ২৭/০৮/২০২৪ ইং তারিখ পর্যন্ত ঋণ গ্রহীতার নিকট ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই। বাগত ২৭/০৮/২০২৪ ইং তারিখ পর্যন্ত ঋণ গ্রহীতার নিকট ব্যাংকের সুদ-আসল ও আনুষঙ্গিক খরচসহ মোট ৫৩,৮৯,৫৯৫.৬৬ (তিপ্পান্ন লক্ষ ঊননব্বই হাজার পাঁচশত পঁচানব্বই টাকা ছিশটি পয়সা মাত্র) পাওনা রহিয়াছে। বন্ধকদাতা এবং আম-মোক্তার দাতাগণের প্রদত্ত ক্ষমতাবলে এবং বিজ্ঞ অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক ব্যাংক উক্ত ঋণ গ্রহীতার নিকট পাওনা আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিল সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ৩০/০৯/২০২৪ ইং তারিখ বেলা ০৩.০০ (তিন) ঘটিকার মধ্যে ব্যাংকের বংশাল শাখায় রক্ষিত বাস্তব সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে।

### ==শর্তাবলী==

- প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে।
- দরপত্র অপরাহ্ন ০৩.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, বংশাল শাখা, ঢাকায় রক্ষিত দরপত্র বাস্তব সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ০৩.১০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে।
- দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি (অগ্রিম মূল্য) ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল। সময়সীমার মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

- দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- উপরে বর্ণিত ৩ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।
- নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন।

### সম্পত্তির তফসিল

জেলাঃ পিরোজপুর, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-মঠবাড়িয়া, মৌজা-মঠবাড়িয়া স্থিত, জে,এল,নং-২১, খতিয়ান নং-সি,এস (স্থানীয়ভাবে আর,এস) ৮০ ও ৯২, আর,এস (স্থানীয়ভাবে এস,এ) ১৬১ ও ১৬২ নামজারী খতিয়ান নং- ২০৬৯, জোত নং-১৫৮৪, দাগ নং- সি,এস (স্থানীয়ভাবে আর,এস) ও আর,এস (স্থানীয়ভাবে এস,এ)-৯৯০, জমির পরিমাণ-০৮.০০ শতাংশ, সি,এস (স্থানীয়ভাবে আর,এস) ও আর,এস (স্থানীয়ভাবে এস,এ)-৯৮৬ ও ৯৮৭, জমির পরিমাণ-১২.০০ শতাংশ উল্লেখিত ২ (দুই) খতিয়ানের তিনটি দাগে সর্বমোট-জমির পরিমাণ ২০.০০ (বিশ) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা। যাহার ০৮.০০ শতাংশ জমির চৌহদ্দি-উত্তরে-ফজলু মিয়া, দক্ষিণে-রাস্তা, পূর্বে-মোসাঃ আমিনা ফেরদৌস এবং পশ্চিমে-আব্দুল হাই মিয়া এবং ১২.০০ শতাংশ জমির চৌহদ্দি-উত্তরে-মতিউর রহমান, দক্ষিণে-রাস্তা, পূর্বে-ছিদ্দিকুর রহমান এবং পশ্চিমে-ফারজানা ফেরদৌস। জমির মালিক- মোসাঃ আমিনা ফেরদৌস ও ফারজানা ফেরদৌস।

সহকারী মহাব্যবস্থাপক  
বংশাল শাখা, ঢাকা।

দৈনিক সমকাল/পিরোজপুরের কণ্ঠ

প্রকাশ ০৫/০৯/২০২৪